

## ■ সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৪০৭০ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৬২৩]

২৫। হিবাত (দান) (كتاب الهبات)

পরিচ্ছেদঃ ৩. দানে সন্তানদের মধ্যে কাউকে প্রাধান্য দেয়া মাকরুহ

بَابِ كَرَاهَةِ تَفْضِيلِ بَعْضِ الْأَوْلَادِ فِي الْهَبَةِ

আরবী

وَحَدَّثَنَا يَحْيَى بْنُ يَحْيَى، أَخْبَرَنَا إِبْرَاهِيمُ بْنُ سَعْدٍ، عَنْ أَبْنِ شِهَابٍ، عَنْ حُمَيْدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ وَمُحَمَّدِ بْنِ النُّعْمَانِ عَنِ النُّعْمَانِ بْنِ بَشِيرٍ، قَالَ أَتَى بِي أَبِي إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ إِنِّي نَحْلَتُ أَبْنِي هَذَا غُلَامًا . فَقَالَ " أَكُلَّ بَنِيكَ نَحْلَتَ " . قَالَ لَا . قَالَ " فَارْدُدْهُ " .

বাংলা

৪০৭০-(১০/...) ইয়াহইয়া ইবনু ইয়াহইয়া (রহঃ) ..... নু'মান ইবনু বাশীর (রাযঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমার পিতা আমাকে নিয়ে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট আসেন এবং বলেন যে, আমি আমার এ পুত্রকে একটি গোলাম প্রদান করেছি। তিনি বললেন, তোমার সকল পুত্রকে দান করেছ কি? তিনি বললেন, না। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তাহলে তা ফিরিয়ে নাও। (ইসলামিক ফাউন্ডেশন ৪০৩৩, ইসলামিক সেন্টার ৪০৩২)

## English

Nu'man b. Bashir reported:

My father brought me to Allah's Messenger (ﷺ) and said: I have donated this slave to my son. whereupon he said: Have you made (such) donation to every one or your sons? He said: No. Thereupon he (the-Holy Prophet) said: Then take him back.

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁথিনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ নু'মান ইবনু বাশীর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=51153>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন